গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৫-১৮২ তারিখ : ১৩.০৩.২০২৫ খ্রি:

**নোটিশ**

মার্চ/২৫ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ (যমুনা) সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্র নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ১৯.০৩.২০২৫ খ্রি: | সকাল ১০.৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.০৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.২৫ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |
| ০৭ | ১৯.০৩.২০২৫ খ্রি: | বেলা ১২.৩৫ টা | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ১৭.০৩.২০২৫ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব পৌর নির্বাহী কর্মকর্তা, মাদারগঞ্জ পৌরসভা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর

**মার্চ/২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব নাদির শাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর

সভার তারিখ : ১৯ মার্চ ২০২৫ খ্রি:

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে এ উপজেলায় ৭৭৬৯ জনকে বহিঃ বিভাগে সেবা, ১৭৫২ জন জরুরী বিভাগে সেবা, ৩৩১ জন অন্তঃ বিভাগ সেবা, ৯০ জন হাসপাতালে ডেলিভারী, ৭৮০ জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ২২১০ জন মোবাইল ফোনে সেবা, ১০% ইপিআই টিকা (জানুয়ারী/২৪ থেকে অক্টোবর/২৪) পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ২৫৩২০ জন, ৪ টি ইউনিয়নে ৮৩৬০ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা প্রদান করা হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৫ মাসে খরিপ-২ মৌসুমে এ উপজেলার ১৮০ জন কৃষকের জন্য প্রণোদনা বরাদ্দ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বিভিন্ন বিষয়ক উন্নয়নের স্বার্থে স্মারক নং ৪৬.০২.৩৯৫৮.০০০.১৬.০০১.২৫-৯০ তারিখ ০১/০১/২০২৫ মূলে ৪০,০০,০০০/- টাকার ৪ টি স্কীম উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর প্রেরণ করা হয়। উক্ত স্কীম ৪ টি স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৬৯৭, তারিখ ০৯.০৩.২০২৫ মূলে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদিত হয়ে ৪০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ, প্রেরিত স্কীম অনুযায়ী বিভাজনপূর্বক যথাযথভাবে ক্রয়প্রক্রিয়া সম্পন্ন করা প্রয়োজন। কারিগরি দিক বিবেচনায় কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এবং যথাসময়ে সমাপ্ত করার নিমিত্তে উপজেলা পরিষদের মেইন গেইট OTM প্রক্রিয়ায় এবং বাকি ৩ টি স্কীম REO প্রক্রিয়ায় সম্পাদন করা যেতে পারে।<br><br>মাদারগঞ্জ উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ কাজের জন্য স্মারক নং- ৪৬.০২.৩৯৫৮.০০০.১৬.০০১.২৪-৬২৪, তারিখ: ২৫/০৬/২৪ মূলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর একটি প্রাক্কলন প্রেরন করা হয়। তৎপ্রেক্ষিতে ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১০২.২১-৭৫৬ তারিখ: ১৮.০৩.২০২৫ খ্রি মূলে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদিত হয়ে উক্ত প্রাক্কলনের বরাদ্দ পাওয়া যায়। কারিগরি দিক বিবেচনায়, কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এবং যথাসময়ে সমাপ্ত করার নিমিত্তে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ OTM প্রক্রিয়ায় করা যেতে পারে। | পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসের তাঁর দপ্তরের প্রশিক্ষণ ২৪৮ জন, উঠান বৈঠক ০৯ টি, খামার রেজিষ্ট্রেশন ০৪ টি, ১০০ টি কৃত্রিম প্রজনন ও ৩১০ টি উন্নত জাতের বাছুর উৎপাদন, ১৪৪৬ টি গবাদিপশু ও ১৮৮৯৯ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাঁসমুরগী টিকা প্রদান ৬৭৫০০ মাত্রা, গবাদি পশু ১৩৩০ মাত্রা এবং রাজস্ব আদায় ২৭,০৮০/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় :** উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৫ মাসের ১) মৎস্য চাষীকে মাছচাষের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে ২) মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যাহত হয়েছে ৩) জাটকা সংরক্ষন অভিযান উপলক্ষে উপজেলার বিভিন্ন বাজার, আড়ৎ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে ৪) চলতি মাসে মৎস্য অভয়াশ্রম (নাংলা, বাঁধ সংলগ্ন পশ্চিম সুখনগরী, বালিজুড়ী, মাদারগঞ্জ) মেরামতের কাজ সম্পন্ন করা হয়েছে ৫) দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, [illegible]রগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৫ মাসে স্থায়ী পদ্ধতি ০৬ জন, আইইউডি ০৯ জন, ইমপ্ল্যান্ট ৩৮ জন, ইনজেকশন ৭৬ ভায়েল, খাবারবড়ি সুখী ১৭৪৭ চক্র, কনডম ৫২৯৫, ইসিপি ০৬ জন এবং ১৩ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান ফেব্রুয়ারি/২৫ মাসে<br>১) শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, ২) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন ৩) ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তকের চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণের কাজ চলমান রয়েছে ৪) শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এর কাজ চলমান এবং সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের ইএফটি কার্যক্রম হালনাগাদ করা, আইসিটি বিষয়ে বিটিটি প্রশিক্ষণের জন্য শিক্ষকের তালিকা প্রনয়ণ (৫) মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের মাঝে ক্যালসিয়াম ট্যাবলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে (৬) মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (বিদ্যালয়) ছাত্রীদের মাঝে আয়রণ ট্যাবলেট বিতরণ (৭) শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন তথ্য হালনাগাদের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৫ মাসে<br>ক) ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত ১১ টি এতিমখানা নিবাসীদের ডাটা IDSDP সফটওয়্যারে এন্টির করণ কাজ চলমান।<br>খ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে মাদারগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত ১৮ জন অসহায় দুস্থ রোগীদের মাঝে ওষুধ বিতরণ।<br>গ) ভাতাভোগীদের লাইফভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>ঘ) ভাতাভোগীদের সচেতন করার লক্ষ্যে প্রচরণার কার্যক্রম চলমান<br>ঙ) প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>চ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ২,৩২,৯১০/- টাকা আদায় করা হয়েছে।<br>ছ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মূল বিনিয়োগ ও পুনবিনিয়োগ সর্বমোট ৪,৪০,০০০/-।<br>জ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মূল বিনিয়োগ ও পুনবিনিয়োগ সর্বমোট মোট ৪,৬০,০০০/- (চার লক্ষ ষাট হাজার) টাকা।<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৫ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৬,২৬,০০০/-, ঋণ বিতরণ ১,২৫,০০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ৩০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ২০০০/- টাকা। ২০১০ সালের ৩০ শে জুন ২০২৬ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৫ মাসের টিআর ১ম ও ২য় পর্যায় ১,৫৫,১৬,৮৩৩/৬৫ ,কাবিখা/কাবিটা ১ম ও ২য় পর্যায় ১,৫৮,৯৩,৫৬৭/৪১, ১১৩.৫২৫৫ মেঃটন গম, টিআর পৌরসভা ১ম ও ২য় পর্যায় ১৬,৩৮,৩৭৩/৮৪, কাবিখা ১ম ও ২য় পর্যায় ১১৩.৫২৫৫ মেঃটন গম, এইচবিবি করণ (২য় পর্যায়) ২,১৩,৪১,০০০/- । বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প ০৩ টি বরাদ্দকৃত অর্থ ১২,১৫,৭৯২৪১/- ব্রীজ ৩৯ টি ১৮,৩৩,৮৯,৯৬৩/- ডিআরএমপি (জাইকা) প্রকল্প ০১ টি ৪,৭৮,০০,০০০/- কাজা চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি আদায়যোগ্য আসল ২,২০,২০০/-, আদায়কৃত ২,০৭,০৯০/-, হার ৯৪.০৫%, মোট সার্ভিস চার্জ ১৪,৮০০/-. ১৩,৪৮০/- হার ৯১.০৮% ক্রমপঞ্জিত বিতরণ (৩,৭৮,৯৬,০০০/- আদায়যোগ্য ৩,৩৬,৩৯,৯৬৩/-ক্রমপঞ্জিত আদায়কৃত ৩,৩৪,৩১,৯০০/-, হার ৯৮.০৭%; কিস্তি খেলাপি ৩৩,১৩৭, আদায়কৃত ৬,৬০০/-, ঋণ খেলাপি: ৬,৯৮,০৪৫/-, আদায়কৃত ২৪০০/-, পরিবার আদায়যোগ্য ২৮,৮০০/-, আদায়কৃত ২৮,৮০০/-১০০%, খেলাপী পরিবার আদায়যোগ্য ৮৭,৩৪০, আদায়কৃত ৫৬০০/-। চলতি অর্থবছর অনুদানপ্রাপ্ত যুব সংগঠন ০২ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২৫ মাসে<br>(ক)ভিডব্লিউবি : ২০২৫-২০২৬ চক্রের কার্যক্রম শুরু হয়নি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | |
|---|---|---|
| (খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ২য় ব্যাচে প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। যা ৩১.১২.২০২৪ খ্রি: তারিখে সমাপ্ত হবে। জানুয়ারী/২৫ হতে মার্চ/২৫ পর্যন্ত অনলাইন আবেদনসহ ভাতা প্রাপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(গ) মা ও শিশু সহায়তা কর্মসূচী: উক্ত কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ০৭ টি ইউনিয়ন বরাদ্দ পাওয়া জানুয়ারি/২৫ পর্যন্ত উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম জুন/২৫ পর্যন্ত চলমান থাকবে। পৌরসভায় উক্ত কার্যক্রমের জানুয়ারি/২৫ পর্যন্ত অনলাইন আবেদনসমূহ ভাতা প্রাপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| **১৫.উপজেলা আইসিটি বিভাগ**<br>উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার কার্যালয় থেকে ৯৫ জন ব্যক্তি/প্রতিষ্ঠানে বিভিন্ন আইসিটি সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ |
| **১৬. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম এর ৩৭ টি গভীর নলকূপের কাজ এবং৩০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপ লাইনের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩২ টি স্মল পাইপ লাইনের স্কিম ও ৫০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপড লাইনের কাজ চলমান রয়েছে এবং দরিদ্র পরিবারের মাঝে প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন পিট টয়লেটের কাজ চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও বেসিন এর কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৭. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানুয়ারি/২৫ মাসের<br>ক) স্থানীয় সরকার নির্বাচন সংস্কার এর মতামত জরিপ সম্পন্ন খ) শীতকালিন পশু খাদ্য এর প্রতিবেদন জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ করা হয়েছে। গ) আলু ফসলের পূর্বাভাস এর প্রতিবেদন জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে ঘ) নাগরিক মতামত জরিপ কাজ সম্পন্ন। ঙ) MICSএর কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৮. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৫ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর গ্রামভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ১৬.০২.২৫ থেকে ২৭.০২.২০২৫ খ্রি: পর্যন্ত ৬৪ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ করা হবে। অটোমেকানিক্স প্রশিক্ষণে ০১ জন, ফ্রিজ এবং এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণে ০১ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক আয়োজিত কাবাডি প্রতিযোগিতায় মোট তিন (০৩) জন ভিডিপি সদস্য অংশগ্রহণ করেছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২০. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর ফেব্রুয়ারি/২৫ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে মাঠপর্যায়ের ফসল কর্তন এবং বীজ শুকানো এবং বীজ সংরক্ষণ কার্যক্রম চলমান। দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২১. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২৫ মাসে ঋণবিতরণ ৫৯.৬৫ লক্ষ টাকা, আদায় ৫৩.৪৭ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১১০২ আদায়ের হার ৯৮%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. উপজেলা বন বিভাগ:**<br>ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে মাদারগঞ্জ উপজেলায় জনসাধারণের মধ্যে বিক্রয় ও বিতরনের জন্য বিভিন্ন প্রজাতির মোট ২০০০ (দুই হাজার) চারা উৎপাদনের জন্য মাটি, গোবর, বীজ সংগ্রহের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক ফেব্রুয়ারি/২৫ মাসের সঞ্চয় আদায় ৩.২০ লক্ষ, ঋণ বিতরণ ৪২.১০ লক্ষ, ঋণ আদায় ৪৩.৩০ লক্ষ, খেলাপির হার ২২%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৪. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২০২৫ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৫ মাসে তথ্যকেন্দ্রের সেবা গ্রহিতার সংখ্যা ৮৮ জন, ডোর টু ডোর সেবা গ্রহিতার সংখ্যা ৩৩০ জন এবং উঠান বৈঠক ৫০ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

<table>
<tr><td>২৬. ইসলামিক ফাউন্ডেশন:<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শনে কার্যক্রম চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>ফিল্ড সুপারভাইজার<br>ইসলামিক ফাউন্ডেশন<br>মাদারগঞ্জ, [illegible]মালপুর</td></tr>
<tr><td>২৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্নগঠিত উপজেলা (স্থায়ী) কমিটির সভা নিয়মিতকরন এবং এর আপলোড করা। সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেয়ার জন্য অনুরোধ করেন। আগামী অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা করার জন্য সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে তথ্য জমা দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি)</td></tr>
<tr><td>২৭. বিবিধ:<br>রাজস্ব তহবিলের ফেব্রুয়ারি/২৫ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><td>ব্যয়ের খাত</td><td>টাকা</td></tr>
<tr><td>বাসাবাড়ী মেরামত</td><td>২৫,০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন</td><td>২৯,৫০০</td></tr>
<tr><td>পরিষ্কার পরিচ্ছন্নতা</td><td>৮০০০</td></tr>
<tr><td>সুইপারের বেতন</td><td>১২,১০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জামাদি</td><td>২২,১৭০</td></tr>
<tr><td>মালির বেতন</td><td>১২,১০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত</td><td>৮০,০০০</td></tr>
<tr><td>মোট</td><td>২,০০৭৩৮</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ফেব্রুয়ারি/২৫ মাসের মোট ২০০৭৩৮/- (দুই লক্ষ সাত হাজার তিরাশি) টাকা ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>উপজেলা প্রশাসক,<br>মাদারগঞ্জ, জামালপুর</td></tr>
</table>

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৫-২০৯

তারিখ: ১৯ মার্চ ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৩। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। প্রশাসক/চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . ..................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

মার্চ'২৫

তাং ১৯/০৩/২৫

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| (২) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| (৩) | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| (৪) | " প্রাণিসম্পদ কর্মকর্তা " " | [signature] |
| (৫) | " প্রকৌশলী অফিসার " " | [signature] |
| (৬) | " মৎস্য কর্মকর্তা " " | [signature] |
| (৭) | " শিক্ষা অফিসার " " | |
| (৮) | " পরিবার পরিকল্পনা কর্মকর্তা " " | [signature] |
| (৯) | " মাধ্যমিক শিক্ষা অফিসার " " | |
| (১০) | " সমাজসেবা অফিসার " " | [signature] |
| (১১) | " পল্লী উন্নয়ন " " " | |
| (১২) | " প্রকল্প বাস্তবায়ন " " " | [signature] |
| (১৩) | " যুব উন্নয়ন অফিসার " " | [signature] |
| (১৪) | " সমবায় " " " | [signature] |
| (১৫) | " মহিলা বিষয়ক " " " | [signature] |
| (১৬) | " ICT " " " | [signature] |
| (১৭) | " জনস্বাস্থ্য প্রকৌশলী " " " | |
| (১৮) | " পরিসংখ্যান অফিসার " " | [signature] |
| (১৯) | " খাদ্য নিয়ন্ত্রক " " " | |
| (২০) | " আনসার ও ভিডিপি কার্যালয় " " | [signature] |
| (২১) | " পাট উন্নয়ন কর্মকর্তা " " | [signature] |
| (২২) | " ফায়ার স্টেশন " " | [signature] |
| (২৩) | " পল্লী সঞ্চয় ব্যাংক " " | [signature] |
| (২৪) | " সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স " " | [signature] |
| (২৫) | " তথ্য সেবা কর্মকর্তা " " | [signature] |
| (২৬) | " ফিল্ড সুপারভাইজার এন্ড ইসলামিক ফাউন্ডেশন " " | [signature] |
| ২৭ | উপজেলা [illegible] (জ্যেষ্ঠ) মৎস্য [illegible] | |
| (২৮) | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, " " | [signature] |
| (২৯) | " ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর " " | [signature] ১৯/০৩/২৫ |
| (৩০) | চেয়ারম্যান, ১নং চরপাকেরদহ " | A |
| (৩১) | " ২নং " | A |
| (৩২) | " ৩নং " | A |
| (৩৩) | " ৪নং " | A |
| (৩৪) | " ৫নং " | [signature] |
| (৩৫) | " ৬নং " | [signature] |
| (৩৬) | " ৭নং " | A |
| ৩৭ | সভাপতি, মাদারগঞ্জ উপজেলা প্রেস ক্লাব | [signature] |
| ৩৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | [signature] |
| ৩৯ | সভাপতি, ইমাম সমিতি, মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ৪০ | সাইদুল – [illegible] গ্রাম আদালত | [signature] |